

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫২

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ এই উম্মাতের কোন শ্রেণির মানুষ দ্বারা কুর'আন পাঠ করা হবে

ذِكْرُ مَا يُقْرَأُ بِهِ الْقُرْآنُ فِي هَذِهِ الْأُمَّةِ

আরবী

752 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ الرَّحِيمِ الْمَرْوَزِيُّ قَالَ: حَدَّثَنَا الْمُقْرِئُ قَالَ: حَدَّثَنَا الْمُقْرِئُ قَالَ: حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ قَالَ: حَدَّثَنِي بَشِيرُ بْنُ أَبِي عَمْرٍ الْخَوْلَانِيُّ أَنَّ الْوَلِيدَ بْنَ قَيْسٍ التُّجِيبِيَّ حَدَّتَهُ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدِ الْخُدْرِيَّ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ الْوَلِيدَ بْنَ قَيْسٍ التُّجِيبِيَّ حَدَّتَهُ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدِ الْخُدْرِيَّ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يَكُونُ خَلْفٌ بَعْدَ سِتِينَ سَنَةً {أَضَاعُوا الصَّلَاةَ واتَّبَعُوا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يَكُونُ خَلْفٌ بَعْدَ سِتِينَ سَنَةً {أَضَاعُوا الصَّلَاةَ واتَبَعُوا الشَّهُوَاتِ فسوف يلقون غَيّاً } [مريم: 59] ثم يكون خَلْفُ يقرأون الْقُرْآنَ لَا يَعْدُو تَرَاقِيَهُمْ وَيَقُرأُ الْقُرْآنَ ثَلَاثَةً: مُؤْمِنٌ وَمُنَافِقٌ وَفَاجِرٌ)

قَالَ بَشِيرٌ: فَقُلْتُ لِلْوَلِيدِ: مَا هَوُّلَاءِ التَّلَاثَةُ؟ قَالَ: الْمُنَافِقُ كَافِرٌ بِهِ والفاجر يتأكل به والمؤمن يؤمن به.

الراوي: أبو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 752 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৫২. আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "ষাট বছর পর এক প্রজন্মের উদ্ভব হবে যারা "সালাত বিনষ্ট করবে এবং প্রবৃত্তির অনুসরণ করবে, অচিরেই তারা ক্ষতির (জাহান্নাম) সম্মুখীন হবে।" (সূরা মারইয়াম: ৫৯।) তারপর আরেক প্রজন্মের উদ্ভব হবে, যারা কুর'আন পড়বে কিন্তু তা তাদের কন্ঠনালী ভেদ করবে না (অর্থাৎ কুর'আন তাদের কন্ঠনালী ভেদ করে অন্তরে প্রবেশ করবে না)। কুর'আন তিন শ্রেণির মানুষ পাঠ করবে: (১) মু'মিন, (২) মুনাফিক ও (৩) পাপাচারী।"[1]



বাশীর রহিমাহুল্লাহ বলেন, আমি ওয়ালিদকে বললাম, "এই তিন শ্রেণির লোক কারা?" জবাবে তিনি বলেন, "মুনাফিক কুর'আন অস্বীকারকারী, পাপিষ্ঠ ব্যক্তি এর বিনিময়ে জীবিকা নির্বাহ করে আর মু'মিন ব্যক্তি এর প্রতি বিশ্বাস রাখে।"

ফুটনোট

[1] সহীহ ইবনু হিব্বান: ৭৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩০৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন